## কুসুম-মালিকা।

3000c

কামিনী বিরচিত।

থম**সংক্রম**ণ।

#### KUSUMA WA'LIKA

A POEM

Written by a Hindu Lady

EDITED BY

Jogendra Na tha Bandyopa dhya ya B. A.

## কলিকাতা।

৬৭ নং কলুটোলা ফ্ট্রীট নৃতন ভারত যন্ত্রে মুদ্রিত।

মূল্য। ০ চারি আনা।

## উৎসর্গ পত্র।

মান্যবর জীমুক্ত যোগেঞ্জনথি বন্দ্যোপি ব্যায় রিব. এ. নধোনয় অভিবয়ের ।

ধর ধর ভাতঃ মম কুদ্র উপহার। যাহাতে ভোমার গুণ করিছে বিস্তাব ॥ কবিতা লিখিতে মম দেখিয়া যতন 🖻 কতমতে করিলেক উৎসাহ বর্দ্ধন **॥** বুঝায়েছ কতমতে কি বলিব আর। তব গুণধার মম শোধা হবে ভার।। করেছ কতই যত্ন আহা! মরি! মরি! যেন কিছু উপকার হইবে ভোমারি॥ কতমতে কত স্থানে করিয়া শোধন। জনস্থানে প্রকাশিচ করিয়া যতন H অনেক যত্নেতে ইহা করেছ মুদ্রণ। স্থধীজন-মন কি এ করিবে হরণ গ তুমি না থাকিলে তবে কি হ'ত জানিনে। কবিতা বিকাশ মোর হইত কেমনে ?

কি আছে কি দিয়া আৰু তুরিৰ তোমায় ? কিবা হবে তব যোগা বলুহে আমায়। কোমার:গুলার ধার লোবিতে নার্মীরব**া** চিরদিন কুতজ্ঞতা-পাশে বাঁধা রব॥ ধর ভাই। প্রীতি সহ কুস্তুমের হার। শক্তি নাই বর্ণিবারে কি বলিব আর ? হায় রে। অবল আমি জানহীনা নারী। তব যোগা উপহার দিতে, ভ্রাতঃ ! নারি॥ তব মনোর্থ কিন্তু করিতে পূর্ণ! করিয়াছি সাধামতে বিপুল যতন॥ তথাপি আমার কাব্য নিতার অধম। গুণিগুণ নিকটেতে নহে মনোরম॥ সভাগণ নিকটেতে হ'য়ে অপমান। কুসুমিক। তব কাছে করিবে ক্রন্দন॥ ত্মি গো তাহারে ভাই। করিয়া যত। 1 রাখি দিও নিজ কাছে করিয়া সাত্ত্ব। মেহ কাডিফলী শ্রীমতা----

# गू थवका।

আমাদের দেশের কতকগুলি লোকের এরূপ বিশ্বাস, যে স্বীলোকে ভাল রচনা করিতে পারেন না। অধিক কি কোন বিখ্যাত সম্পাদক স্কৌলোকের রচনাকে নিজ পত্রিকায় স্থান দিতেও সঙ্গুচিত হন। তাঁহার এরপ বিশ্বাস যে স্ত্রীলোক-রচিত বলিয়া যত পুস্তক বা পত্রিকা বহির্গত হয়, সে সকল পুরুষের রচিত। কেবল গ্রাহক সংখ্যা রাদ্ধি করার নিমিত্তই কামিনী-রচিত বলিয়া প্রকাশিত হয়। ছুই এক স্থলে এরপ ঘটিয়াছে বলিয়া বে সর্বত্র ইহা ঘটিবে, এরূপ মনে করা নিতান্ত অনু-দার-চিত্তের কার্যা। ফলতঃ ইউরোপীয় রমণীগণের মধ্যে অনেকেই যথন প্রান্তকর্ত্রী হইতে পারিয়াছেন, তথন যে অন্যদেশীয় রমণীরা তাহা হইতে পারিবেন ना इंश कथनई विश्वामर्थाना इंहर्ड शास्त्र ना। স্ত্রীজাতি বুদ্ধিরতিতে স্বভাবতঃ পুরুষজাতি অপেকা যে ক্যুন নহেন সুবিখ্যাত জনু ইটুরাট মিল্তাঁহার " নারীজাতির অধীনতা " বিষয়ক প্রস্তাবে ইহা বিবিধ যুক্তি দ্বারা প্রতিপন্ন করিয়াছেন।

স্ত্রীজাতি যে বহুদিন হইতে পুরুষজাতির অধীনতা-শৃঙ্গলে বদ্ধ আছেন, শারীরিক দের্মিল্যই তাহার প্রধান কারণ। স্বার্থপর পুরুষজাতি সেই শারীরিক দৌর্বল্যের স্থবিধা লইয়া স্ত্রীজাতিকে চির-দাসত্ব-শৃত্মলে বদ্ধ করিয়া রাখিয়াছেন। স্ত্রীজাতির যে সকল রতি পরিচালিত হইলে পুরুষগণের ঐন্ত্রিক সুখসীমা পরিবদ্ধিত হইতে পারে, তাঁহাদিগকে সেই সকল রুত্তিরই পরিচালনের ক্ষমতা দেওয়া হইয়াছে। প্রণ-য়িণী মনোহারিণী ছইলে প্রণয়ীর মন প্রফল্ল থাকে এই জন্য রমণীদিগকে বেশভূষা-স্পৃহা চরিতার্থ করিতে দেওয়া হইয়াছে। চিত্র, সঙ্গীত, নৃত্য প্রভৃতি চিত্ত-হারিণী বিদ্যা সকলে স্ত্রীজাতির স্বাধীন বিস্তার প্রদত্ত হইয়া থাকে। সন্তান প্রতিপালন ও অন্ন ব্যঞ্জন প্রস্তুত করণাদি সাংসারিক কার্য্য সকলেও তাঁহাদিগকৈ সম্পূর্ণ স্বাধীনতা প্রদান করা হইয়াছে। কিন্তু যাহাতে উচ্চ মনোরত্তি সকল পরিমার্জ্জিত হইতে পারে এরূপ স্বাধীনতা তাহাদিগকে দেওয়া হয় নাই। এই নিমিত্ত বর্ত্তমান অবস্থায় স্ত্রীজাতির মনোরতি সকল পুরুষান্ত্র-ক্রমে পরিচালনাভাবে নিস্তেজ ও নিপ্তাভ হর্ট্যা গিয়াছে। কিন্তু যেমন কঠোর মনোরত্তি সকল পরিচালনাভাবে নিশুভ হইয়া গিয়াছে, সেই রূপ কোমল মনোরুত্তি

সকল ও অতিশয় পরিচালনায় নিরতিশয় তেজমিনী হইয়া উঠিয়াছে। অন্তঃকরণের কোমলতা কবিতা রচ-নার একটা প্রধান উপকুরণ। কৈই কোমলত্ব-বিষয়ে স্ত্রীজাতি বর্ত্তমান অবস্থায় পুরুষজাতি অপেক্ষা শ্রেষ্ঠ। কোমলান্তঃকরণ না হইলে সুকবি হইতে পারে না। যাহাদের অন্তরে কমনীয়ভাব সকল সতত বিরাজমান রহিয়াছে, তাহাদের মানসসরোবরে ভাসমান চিন্তা সকল ভাষায় প্রকাশিত হইলেই কবিতাকার প্রাপ্ত হয়। তাহারা বিবিধ-ছন্দোবন্ধ-ঘটিত না হইলেও প্রকৃত কবিত্বশক্তির পরিচয় প্রদান করে। এই স্বাভাবিকী কবিত্মরচনা-শক্তি প্রায় স্ত্রীজাতি-সাধারণ। উত্তেজক কারণাভাবে সর্ব্বত বিক্ষিত হইতে পায় না। অথবা যে রমণীর কবিত্বশক্তি অতিশয় তেজন্মিনী তাহা আপনিই বিক্ষিত হইয়া অননুভূত-দেরিভ বন-প্রস্ফুটিত পুষ্পের ন্যায় অজ্ঞাতভাবেই বিলয় প্রাপ্ত হয়। সুতরাং প্রকাশনাভাবে সুধীজন সেই রমণীয় কবিস্থ-সেরভের আমোদভোগে সমর্থ হন না। আহা! কত কত রমণী-কালিদাস ও রমণী-সেকুসপিয়ার বে ভূমিসাৎ হইয়াছেন, তাহা গণনা করিয়া উঠা যায় না। কালিদাসের শকুন্তলা, ভবভতির উত্তররাম-চরিত, এছিরের রত্নাবলী, সেকুদুপিয়ারের হ্যামলেট

প্রভৃতি রমণীয় কাব্য সকল কামিনীর লেখনী-বিনি-ৰ্গত হইলে কি অপূৰ্ব শোভাই ধারণ করিত! কি আশ্চর্য ! যে স্ত্রীজাতি একপ্রকার সহজ-কবি, তাঁহারা কবিতা লিখিতে পারেন না এরূপ অসম্বত বাক্য জ্ঞানবান্ লোকে কিরুপে বলেন বুঝিতে পারি না। বিদ্যালয়ে নিয়-মিত শিক্ষা পান নাই বলিয়া যে তাঁহারা কবিতা রচনায় সমর্থা হইবেননা ইহা কোনমতেই সম্ভব হইতে পারে না। বিদ্যালয়ে বিজ্ঞান ও অঙ্কশাস্ত্রের আলোচনা বরং কম্পনা শক্তিকে সঙ্ক চিত করিয়া ফেলে। যাহাদের মন বিজ্ঞানের জ্যোতিতে আলোকিত হইয়াছে, তাহারা কম্পনালোকে বিমুগ্ধ হয় না। অজ্ঞানাবস্থা বিশায়জননী (Ignorance is the mother of wonder) এই প্রবাদটি পাঠকগণের অনেকেই বিদিত আছেন। ইন্দ্রধনুর প্রতি, জলবিম্বনিকরে স্থ্যকিরণের প্রতিফলন ; চন্দ্র গ্রহণের প্রতি. চন্দ্রের পৃথি বীচ্ছায়ান্তঃপ্রবেশ; জলধির দৈনিক ও পাক্ষিক হাস রদ্ধির প্রতি, সূর্য্য ও চন্দ্রের আকর্ষণ কারণ ইত্যাদি বস্তুগত কার্য্য-কারণ-ভাব সম্বন্ধ যাহাদের মনে সভত জাগ্রুক থাকে তাহাদের মনে ইন্দ্রধনুর উদয়ে, চন্দ্রগ্রহণে জলধির উচ্ছাস ও হ্রাস প্রভৃতিতে বিশায়ভাবের উল্ল হয় না। কবিবর ক্যান্থেল রামধনুর বর্ণনোপলক্ষে বলিয়াছেন—

"Triumphal arch, that fill'st the sky,
When storms prepare to part,
I ask not proud philosophy
To teach me what thou art"—
আমি গর্মিত বিজ্ঞানের নিকট ভোমার স্বরূপ জিজ্ঞানা

করিতেছি না।

বিখ্যাত-নামা কোলেরীজু ও কোন স্থানে এরপ মত প্রকাশ করিয়াছেন যে নিয়মিত শিক্ষা বরং স্বাভাবিক কবিত্বশক্তির বিনাশ সম্পাদন করে। এরপ জনভাতি আছে যে মহাকবি হোমর জীবনে কথন বিদ্যালয়ে গমন করেন নাই। তিনি এক জন ভ্রমণশীল বীণাবাদক ছিলেন। মুথে মুথে কবিতা রচনা করিয়া সেই কবিভাগুলি বীণাসংযোগে ছারে ছারে গাইয়া বেডাই-তেন। বালমীকির ও রসনা হইতে যথন

"মা নিষাদ প্রতিষ্ঠাং জুমগমং শাখ্তীং সমাং।

যথকে প্রথমিপুন দেকমবধীং কামমোহিত্য ॥"

সংস্কৃত কাব্যশাস্ত্রের এই আদি শ্লোক অকন্মাথ বিনির্গত

হয় তথন সংস্কৃতে কাব্য ও দর্শন শাস্ত্র প্রভৃতির স্ফিই

হয় নাই। স্কুতরাথ বালুমীকির সুশিক্ষা প্রাপ্তির কোন

সন্তাবনাই ছিল না। বস্তুতঃ বিজ্ঞানাদির শিক্ষা পাইলে
বালুমীকি রামায়বের ন্যায় অতি সুল্লিত ও প্রাঞ্জল কাব্য

লিখিতে পারিতেন কিনা সন্দেহ। গভীরব্যুৎপন্ন কবির কাব্য যে অতি হুত্ৰহাৰ্থ হয় তাহা সংস্কৃত ভাষায় মহাকবি মাঘ ও ইংরাজী ভাষায় মহাকবি মিলুটনু প্রতিপন্ন করিয়া গিয়াছেন। কবি-চড়ামণি সেকুসূপিয়র ও জীবনে কথন নিয়মিত শিক্ষা পান নাই। এরপ প্রবাদ আছে যে মহাকবি কালিদাসও প্রথমে সূর্যাগ্রগণ্য ছিলেন। যাহা হউকু প্রথমোক্ত মহানু কবিত্ব-স্তম্ভতুষ্টচয় যথন তাদৃশ অশি ক্ষিতাবস্থায় কবিত্বশক্তির পরাকাঠা দেখাইয়া গিয়াছেন তথন স্কৌজাতিও যে নিয়মিত শিক্ষা-বিরহেও উৎক্লফ্ট কবিতা লিখিতে পারিবেন ইছা কখনই অসম্ভাবিত হইতে পারে না। বয়তঃ বিজ্ঞানাদির আলোচনায় যুক্তিশক্তি যেমন তেজিখনী হয় কম্পনাশক্তি সেই রূপ নিষ্প্রভ হইয়া পড়ে। এই হুই মনোরভির সামঞ্জ্যা রাখা,অতি কঠিন। গণিতও বিজ্ঞানের জ্যোতির্বিরহে স্ত্রীজাতির কম্পনাশক্তি অতিশয় বলবতী হইলে ও এতদিন যে স্ত্রীজাতি কবিতা লিখিতে পারেন নাই তাহাতে স্ত্রীজাতির ভাষাজ্ঞানের অভাব ও স্বাধীনতা বিরহই প্রধান কারণ। ভাষাজ্ঞানাভাবে অনেত স্ত্রীলোক মনের ভাব সকল ভাষায় প্রকাশ করিছে গারেন না। কোন কোন স্ত্রীলোক স্বাধীনভাবিরছে স্বর্রটিভ কবিতাগুলির মুদ্রাহনে ও প্রকাশনে সাহসী হন না।

ভর্তা বা ভ্রাতা উৎসাহী হইয়াও তদ্বিয়ে প্রযত্নবান হন না। সুতরাং মুদ্রাহ্বন ও প্রকাশনাভাবে সেই সকল কবিতা-কুমুমের সেরিভ সুধীজন-মনোহরণ করিতে পারে নাই। বর্ত্তমান সময়ে যে পরিমাণে मেर ভाषाकान ও मেर श्वाधीन । श्रेष इरेटिए সেই পরিমাণেই তাহার ফল দেখা যাইতেছে। পুৰুষ জাতির ন্যায় স্ত্রীজাতি যদি স্বাধীনভাবে প্রকৃতির শোভা পর্যালোচনে অনুমত হইতেন তাহা হইলে বোধ হয় উৎক্রম্ট উৎক্রম্ট কবিতা রচনা করিতে সমর্থ হইতেন। গৃহাভ্যন্তরে সতত নিৰুদ্ধ থাকাতে তাঁহাদের মন নিতার সঙ্কীর্ণ হইয়া গিয়াছে। মুতন মুতন বিষয়ের পর্যালো-চনা অভাবে তাঁহাদের মনে নব নব ভাবের উদয় হয় না। অনেক স্থলেই একভাব পুনৰুক্তিদোষে দূষিত হইয়া পড়ে। এতাদৃশী প্রতিবন্ধকপরম্পরা সত্ত্বেও যে জ্রীলোকে এমন স্থন্য কবিতা লিখিতে পারেন ইহা তাঁহাদের পক্ষে অতিশয় গৌরবের বিষয় বালতে হইবে।

"কুসুম-মালিকার" জন্ম রতান্ত বর্ণনের পূর্ব্বে তাহার জননীর কিছু পরিচয় দেওয়া নিতান্ত অপ্রাসন্ধিক বোধ হইতেছে না। ইনি একজন সম্ভ্রান্ত-বংশোন্তবা অফাদশ-বর্মীয়া বালা। ইঁহার পিতা একজন বিখ্যাত কবি ছিলেন। এম্বুকর্ত্রীকে অপপ

বয়সেই নিদাকণ পিতৃ-বিয়োগ যাত্ৰা সহ্য করিতে ছইয়াছিল। তিনি পিতৃ-বিয়োগের কিছুদিন পরেই অতি কিশোরবয়সেই অপাত্রে ন্যন্ত হন্। পতি অতি ভীষণ-চরিত ছিলেন; এই জন্য তাঁহার জীবদ্দশায় তিনি এক দিনও সুখী হন ন।ই। প্রত্যুত বৈধব্যদশা তাঁহার দেই অসহ্য যাতনার অবসানস্বরূপ হইয়াছিল বলিতে হইবে। তেজম্বিনী উন্নতমনা বালা বারাক্ষনা-ভুত্তপের হস্তে গতিত হইলে যাদৃশ কট প্রাপ্ত হন, প্রস্কর্ত্রী তাদৃশ কটভোগ করিয়াছিলেন। তিনি জীবনের চতুর্দ্দশ বৎসরে কঠোর বৈধব্য দশায় পতিত হইয়া অবধি সাংসারিক কার্য্যে ও অবসর-সময়ে গ্রন্থ পাঠে কথঞ্চিৎ জীবনাতিপাত করিতেছেন। বিদ্যাশিক্ষা-বিষয়ে ইহার একান্ত অনুরাগ। বিশেষ যতুপুরঃসর আমার নিকট অনেক অনেক গ্রন্থ পাঠ করিয়াছেন। ইহাঁর বিদ্যানুশীলনে বেরূপ অনুরাগ, আমার অবসর থাকিলে বোধ হয় ইনি এত দিন আরও অনেক শিক্ষা করিতে পারিতেন। বৃদ্ধি অতি প্রথরা। যতু অতি প্রগাচ। কেবল শিক্ষকের অভাবে সেই যতু, সেই বুদ্ধি বিক্ষল হইতেছে। বিশেষতঃ বন্ধ গুহস্থ ভদ্রলোকের সাধারণতঃ যেরূপ অবস্থা তাহাতে স্ত্রীলোকদিণের অনেক সময় গৃছকর্মেই পর্য্যাসত হয়। ञ्बिणके ममरत आखिन्त-कत्र म्लू श बनवजी थारक।

এই জন্য গভীর চিন্তা, কিম্বা দীর্ঘকাল-ব্যাপিনী শাস্ত্র-পর্য্যালোচনা, গৃহস্থ স্ত্রীলোকদের পক্ষে প্রায় ঘটিয়া উঠে না। প্রাত্ত্বকর্ত্তী ,অবসরমতে সামান্য কাগজে নানা বিষয়ে পাদ্য রচনা করিতেন। কোন বিষয় লিখিতে আরম্ভ করিয়াই অনেক সময় সাংসারিক কার্য্যে নিয়ো-জিত হইতে হইত: এই জন্য অনেকঞ্জি পদাই তাঁহাকে সহসা সমাপ্ত করিতে হইয়াছে। সেই জনাই তাহ'দের সমাপ্তি আকাজ্ফা-শূন্য হয় নাই। সেই সকল পদ্যমালা সাধারণের নিকট প্রকাশ করিবেন এরপ অভিপ্রায় তাঁহার কথন ছিল না, এখনও নাই। উ। হার এরপ বিশ্বাস যে ইহারা প্রকাশ-যোগ্য নয়। এই জন্য আমি যৎকালে সেই সকল পদ্যমালার সংথ্রছে প্রয়ন্ত হই তথন তিনি নানাপ্রকারে আঁমার চেলার বিফ লতা সাধনের প্রয়াস পাইয়াছিলেন। অধিক কি অনেক গুলি ক্ষুদ্র ক্ষুদ্র প্রদানা ছিল্ল ভিন্ন করিয়া ফেলিয়াছেন। একরপ তাঁহার অসমতিতে আমি অবশিক্ত কবিতাগুলি "কুমুম-মালিকা" এই নাম দিয়া প্রকাশ করিলাম। আমারই বিশেষ প্রয়ত্ত্ ইহা সাধু-সন্নিধানে উপস্থিত হইয়াছে। এন্ত্ৰুকৰ্ত্ৰী স্থির করিয়া আছেন যে তাঁহার কুসুন্নালিকা সুধী-সন্নিধানে প্রত্যাখ্যাত হইবে। আমার বিশ্বাস ইহার সম্পূর্ণ বিপরীত। আমি জানি সুধীগণ এতদূর পাষাণ-হৃদয় নহেন্ যে অপরিণত-বয়ন্ধা বালিকার এই উপহার, উন্মান্তের ন্যায় দূরে প্রক্ষেপ করিবেন। তাঁহারা অবশ্যই জানেন যে আমাদের দেশের স্ত্রীলোকের যেরূপ বর্ত্তমান জ্ঞান-ছুরবন্থা ভাহাতে এরূপ কবিতা-রচনা করা প্রশংসার বিষয় সন্দেহ নাই।

কুপ্ন-মালিক। প্রস্কৃত্রীর প্রথম উদ্যম। সুধীজন প্রাস্কৃত্রীর উৎসাহ বর্দ্ধন করিলে, আশা করি, তিনি এই রূপ পদ্য রচনা করিয়া মধ্যে মধ্যে তাঁছাদের চিত্রবিনোদনে সমর্থা হইবেন।

কলিকাতা। ২৫ আগস্ট। ১৮৭১ খৃঃ 🖟 🕮 বোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

# কুসুম মালিক।।



" মন্দঃ কৰিযশঃপ্ৰাৰ্থী গমিষ্যাম্যুপহাস্যতাম্। প্ৰাংশুলভ্যে ফলে লোভাছুদ্বাহুরিব বামনঃ॥ " রঘুবংশ।

## গ্রন্থাবতারিকা।

করিতে পদ্য রচনা, হতেছে মনে বাসনা,
কিন্তু কেমনে রসনা করিবে বর্ণন ?
ইচ্ছা হয় স্মতনে, গাঁথি কাব্য, সাধুজনে
ভক্তি সহ করিতে প্রদান।
কেমনে রচিব হায়! সহজে অবলা তায়,
নাহি কিছু বিদ্যাবৃদ্ধি, জ্ঞানের প্রভাব।

নাহি মম বোধোদয়, কিলে হবে বোধোদয়? যেগুণে লিখিব কাব্য, তাহার অভাব॥ নাহি জানি অলঙ্কার. কি দিয়া গাঁথিব হার. যাহে স্থীজন-মন করিব হরণ ১ ন্যায়ে নাহি অধিকার, কেমনে করি বিচার, যাহে ভাল মন্দ পারি করিতে বর্ণন? বিপিনে কুরঙ্গীচয়, রুথা মূগ-তৃঞ্চিকায়, জলভ্রমে মরু যথা করয়ে ভ্রমণ। দেই মত মম আশ, না হইবে পরকাশ, ভাবি তাই; ভেবে তাই কাঁদি অনুক্ষণ॥ দয়াময়! কুপাগুণে, করুণা প্রকাশ দীনে, সুপ্রভাত কর আজি যাম॥ কোথা দেবি বীণাপাণি! ও চরণ হৃদে আনি, নানামতে করিগো! বন্দন। टकाथा (गा भंतमानत्न! वाकामान कत मीतन, তব পদে এই নিবেদন॥ বিতর করুণা-কণা, যেন না হই বঞ্চনা. সুধাদানে ক্ষুধা মম হর।

করিব গ্রন্থ রচনা, ক'রো নাকো প্রবঞ্চনা, ধর মম ক্ষুদ্র উপহার॥

## পুক্রবিয়োগিনী মাতার উক্তি।

জীবনরন্তের ফল লুকান্দো কোথায় ?
কারে বা বলিব হায় ! হুঃখের সময় ?
কে আছে স্কুছৎ মম না পাই ভাবিয়া।
প্রাণের নন্দনে এবে দিবেক আনিয়া॥
কত যতনেতে আমি পুত্রে নিয়ে কোলে।
শীতল হতেম্ তার মুখ নিরখিয়ে॥
হা ! পুত্র প্রাণের সম রহিলে কোথায় ?
না দেখে তোমারে বাপ্ প্রাণ নাহি রয়।
বৎসরে ! হৃদয় ছাড়া হইয়াছ শুনে।
কেমনে থাকিবে প্রাণ একাল ভবনে॥
গৃহের ভিতরে বাপ্! যে দিকেতে চাই।
তব অপরূপ রূপ দেখিবারে পাই॥

শয়নে স্বপনে কিন্তা অশনে গমনে। তোমার মধুর কথা শুনি যে প্রবণে॥ বিশ্রাম অথবা বায় সেবন কারণ, কভু যদি যাই আমি বাহির ভবন, অমনি হৃদয় মম উঠে রে ! কাঁদিয়া। কেমনে থাকিব বল ধৈবজ ধবিষা॥ যে পথেতে তুমি বাপ! করিতে গমন। মম প্রাণ সেই পথে ধায় অনুক্ষণ॥ মনে ভাবি সেই স্থানে আছয়ে কুমার। গেলে বুঝি দেখা পাব যাই একবার॥ না বুঝে অবোধ মন পুজের কারণে। গিয়া দেখি কল্পনার আবাস ভবনে॥ কোথা বা নন্দন মম হৃদয়-রতন। শুন্য শ্যা প'ডে আছে এ আর কেমন 2 এসরে প্রাণের পুত্র নয়ন-রঞ্জন! মা বলিয়া ডাক বাপ্! জুড়াক জীক 🔏 হৃদয়ের ধন তুই ওরে যাতুমণি! কেমনে তোমার মুখ পাসরিব আমি ?

হৃদয় যে গাঁথা আছে স্নেহের বন্ধনে । দূঢ়-মায়া-পাশ আমি ছিঁড়িব কেমনে ? উঠে বাছা কর ওরে চক্ষু উন্মীলন। অভাগিনী মাতা দেখ! হয়েছে কেমন॥ এই রূপ কত রূপ বিলাপিয়া ঘনে। অচেতনা ভূমে প'ড়ে কাঁদে ক্ষণে ক্ষণে॥ ক্ষণেক পরেতে পুনঃ পাইয়া চেতন। চুম্বিল পুত্রের সেই, বিমল বদন॥ তনয়ের মুখ আগে করিয়া চুম্বন, হ'ত যে কতই সুখ না যায় গণন। সেই মুখ সেই দেহ এখনও রয়েছে। কি বলি পরাণ-পাখী উড়িয়া গিয়াছে॥ আগে কার মত বাছা! তেমন তেমন। করে। না যে মা বলিয়া মোরে সম্বোধন ॥ তোমার কমল-সম শোভন আনন। আর না বিতরে স্থুখ অন্তরে তেমন॥ ওরে পুত্র! প্রাণাধিক প্রাণের নন্দন। কি জন্য আছরে তুমি ঘুমে অচেতন ?

9

মা বলিয়া ডাক ওরে প্রাণের তন্য়। শুনিয়। জুড়াক এই তাপিত হৃদয়॥ ওরে বাপু! তোর নাকি সোণার বরণ, করিবে অগ্রিতে দাহ এ আর কেমন ? এদ বাছা তোরে আমি হৃদয়েতে তুলি। না দিব ছাড়িয়া ওরে ! নয়ন-পুতলি ! যে অঙ্গে সংহনি কভু সূর্য্যের কিরণ, কি রূপে অগ্নিতে তাহা করিবে দাহন ? যে অঙ্গে সহেনি কভু আঁচোড়ের দাগ, কেমনে শ্মশানে তারে করিবেক ত্যাগ ? আহার সময় তব হইলে বিগত। অস্থির হইয়া তুমি কাঁদিতে যে কত॥ এবে সেই দিন বাপৃ! আর কিরে হবে। মা বলে ডাকিয়া তুমি পরাণ-জুড়াবে॥

## প্রকৃতির শোভা।

দেখিতে ভবের শোভা একা এক দিন। ভ্রমিতে ভ্রমিতে একু নদীর পুলিন॥ কি আশ্চর্য্য শোভা তার কি বলিব হায়! এক মুখে তার শোভা বলিবার নয়॥ ধীরে ধীরে পাতা কাঁপে, পাখী করে গান। পূর্ণচন্দ্র সুধাকর অস্তাচলে যান॥ উপরে স্থমন্দ বায়ু ধীরে ধীরে বয়। আমি কি বর্ণিব, তাহা বর্ণিবার নয়॥ কি পুণ্য করেছে, আহা! ভাবুক যে জন। বাস্তবিক ভাবনায় আছে প্রয়োজন॥ পরিয়া প্রকৃতি সতী নানা অলঙ্কার। কিবা অপরূপ শোভা করিছে বিস্তার॥ বিশ্বজন-মনোলোভা গলে মুক্তাহার! পড়েছে শিষির-বিন্দু ঘাসের উপর॥ দেখিয়া মেঘের শোভা অসীম গগণে। চাতক উড়িছে সদা আনন্দিত মনে॥

শুন হে! বিহঙ্গবর, ভ্রমিছ গগণ। বারেক অবলা-ত্রঃখ কর বিলোকন॥ তাহাদের ত্রঃখ-রাশি, দেখিলে নয়নে। আর না বেড়াবে তুমি, এরূপ গগণে॥ তোমার মতন সুখী নাই এ ভুবনে। কেমন আনন্দে তুমি ভ্রমিছ তুবনে॥ দেখিলে তোমার এই স্বাধীন বিস্তার। ইচ্ছা হয় তব সনে থাকি নিরন্তর॥ গগণ-বিহারী তুমি ওহে পক্ষীবর! তব সুখ বর্ণিবারে পারা অতি ভার। তুলনা-রহিত তব সার্থক জীবন! পক্ষ বিস্তারিয়া কোথা করিবে গমন ? বল হে! আমায় তুমি, বল সবিশেষ; এরূপ ভ্রমণে তুমি যাবে কোন দেশ ? শুন শুন ওহে! পক্ষী আমার বচন। না হয় উচিত তব বেড়ান এখন।। অবলা কামিনীগণ পিঞ্জরম্ব রয় 1 ঞ ভাব দেখিলে তারা কি বলিবে হায়।

গগণ-বিহারী তুমি বল হে ! পবনে । অবলা বালার ছঃখ দেখিতে নয়নে ॥ কত কাল বন্দিভাবে থাকিবেক আর ? তাহাদের ছরবস্থা করহে উদ্ধার ॥ একা স্বাধীনতা-সুথ, করিলে ভুঞ্জন। স্বার্থপর বলিবেক তোমার জীবন ॥

## निदर्ग ।

মম সম দুংখী কেবা আছে ধরাধানে ?
দেখিয়াছে কে তাহাকে আপন নয়নে ?
বাল্যাবধি নিরবধি বিধি মোরে বাদি।
আমার সমান কেবা আছয়ে অভাগী ?
জনম দুঃখিনী সীতা ছিল চিরদিন ।
সন্তানের তরে প্রাণে করিল যতন ॥
হায় ! অভাগিনী মোর এমনি কপাল।
লয়ে ছিন্নু যে আগ্রায় হইল বিফল ॥

5

প্রাণের বন্ধুর মুখ মলিন হেরিয়ে ! সুখ নাহি পাই আমি, অভাগা হৃদয়ে॥ এমনি কপাল মম! এমনি কপাল! সকলেই অসন্তোষ হয় মমোপর॥ ইচ্ছা হয় হেন দেশ করিব গমন. যথায় কাহার দেখা না হয় কখন. যাই আমি সেই দেশ ভ্রমিতে ভ্রমিতে. ঈশ্বরের গুণগান করিতে করিতে॥ স্বাধীনতা বিস্তারিয়ে করিব গমন। পরহিত-সাধনেতে হব প্রাণপণ॥ অসার সংসারে আমি না রহিব আর। তুঃথের আগার ইহা জানিলাম সার॥ এলো থেলো বেশে আমি বেড়াব তথায়। না রব, না রব, আমি নিশ্চয় এথায়॥

### সংসার-সাগর।

সংসার-তরঙ্গ-মাঝে যেতে পারা ভার। কাণ্ডারী বিহনে ভবে কে করিবে পার ? অগতির গতি কোথা আছ হে! এখন ? সদয় হইয়া তুঃখ কর নিবারণ॥ নতুবা তরঙ্গে নাথ! ত্রাণ নাহি আর। কি রূপে যাইব তুঃখ-জলধির পার ? অসহায় দেখে দয়া কর দয়াময় ! ক্রমে ক্রমে দিন যায় না দেখি উপায়। দয়াময় । তব নাম করিতে স্মর্থ । ধাইতেছে মত্তমন, নামানে বারণ॥ সে সুধা করিতে পান না দেয় যখন। ইচ্ছা হয় সিন্ধুনীরে করিগে শয়ন॥ কিন্তু আত্মহত্যা-পাপ ভয় হয় মনে। জীবনে জীবন আমি ত্যজিব কেমনে ?

# ভগিনীর প্রতিউক্তি।

क्लिया बाह (भा ! अन श्रातित मानिनी। তোমার বিরহে হই মণি-হারা ফণি॥ वृष्डको इ'तन यथा ठाटर क्त्रत्रिगी। তেমনি সভৃষ্ণ-মনে চাহিতেছি আমি॥ এম এম প্রাণ-সমে! আমার সদন। বেলা হ'ল পাঠে মন কর নিয়োজন॥ মন্দ মন্দ বহে যত মলয় পবন। ততই মনেতে উঠে হতাশ পবন॥ প্রবল-বেগেতে বহে শোক-অশ্রুজল ৷ সান্ত্রনা কর গো বোন! দিয়া আলিঙ্গন॥ ভর্গিনি ! তোমার সেই অতুল আনন। ক্ষণেক না দেখি প্রাণ করে যে কেমন॥ কোথা আছ, দেখা দেও সুবর্ণ-প্রতিমে ! হৃদয় শীতল হোক্, হেরি সে আননে।

#### বসন্ত।

বসন্ত সামন্ত সহ আইল ধরায়। ফল পত্রে রক্ষগণ হ'ল শোভাময়॥ আকাশের শোভা হেরি আপন নয়নে। কেমন আনন্দ হয়, সমুদিত মনে॥ কোকিল অমিয়স্বরে, গায় মধুময়। সকলেই নবভাবে, নিজকর্ম্মে ধায়॥ সুমনদ মলয়-বায়ু বহে অনুক্ষণ। বৃক্ষগণ সেই ভাব দেখিছে কেমন॥ কিবা শোভা উষাকাল দেখি সুপ্ৰকাশ। ত্যজিয়া তিমিররূপ, ধরে শুভ্রবাদ॥ বসন্তের শোভ। হেরি প্রফুল্লিত-মন। বর্ণিবারে সেই রূপ ধাইতেছে মন॥ ব্যজনী লইয়া করে মলয় প্রবন। করিছে ব্যজন জীবে আশ্চর্য্য কেমন! যে সকল তরু ছিল, শুক্ষ, অবনত। বসত্তের বায়ু পোয়ে হ'ল সমুন্নত।।

পক্ষিগণ হৃষ্টমন, গায় অবিরত। ঈশ্বরের গুণ গান, হ'য়ে প্রফুল্লিত॥

# পুরষ্কার উপলক্ষে লর্ড মেরোর বেথুনবিদ্যালয়ে আগমনে ভাঁহার প্রতি উক্তি।

অবলার হিত এবে করিতে সাধন।
এসেছ মহাত্মা আজ পাঠের ভবন॥
সুশিক্ষিতা করিবারে বঙ্গের কুমারী।
করিছ বিপুল যত্ন আহা মরি! মরি!
অসীম আয়াসে ইহা করেছ স্থাপন।
আশা করি সিদ্ধ তব, হইবে যতন॥
অজ্ঞানা অবলা যত পরাধীনা নারী।
আসিতেছে কত শত মনে আশা ধরি।
তাদের পুরাও আশা এই ভিক্ষা চাই।
বঙ্গের অবলা হুঃখ ভেবহে! সদাই॥

### সংসার-কানন।

হায়! কি বিষম এই সংসার-কানন।
ছঃধের আগার মাত্র জানিত্র এখন।
তথাপি মানবকুল আশার মায়ায়।
পড়িয়া ভ্রমান্ধক্পে স্থথ প্রতি ধায়॥
প্রমত্ত বারণ যথা ধায় রণস্থলে,
অবোধ ক্রঙ্গ যথা ভ্রমে বনস্থলে,
মধুপানে মত্ত যথা ধায় অলিকুল,
তেমতি মানবকুল হইয়া বাাকুল,
ভ্রমিছে সতত এই সংসার কাননে।
অনিত্য সংসার এই না ভাবিছে মনে!

## শীতঋতু।

উহু! কি হুৱন্ত শীত আইল ধরায়। দেখিয়া শীতের ভাব কাঁপয়ে হৃদয়॥

হস্ত পদ শিথিলতা পায় ক্রমে ক্রমে। শীতের জ্বালায় জীব জড়সড প্রাণে॥ জল দেখি যত জীব চমকিত হয়। রোদ্রের উত্তাপ স্বত্ন ভাল লাগে গায়॥ নিশিতে শীতের দায়ে যত প্রাণিগণ। বাহিরেতে নাহি যায় পীড়ার কারণ॥ প্রাতেতে হিমের কিবা রমণীয় রূপ। एमिएल, कन्नना छेर्रि **मरन** नाना क्रश्र ॥ শিশিরে আরত যত তরুলতাগণ। হিমচ্ছলে তারা করে অশ্রু বিসর্জ্জন॥ শীতেতে বিহঙ্গকুল জড়সড়-প্রায়। মধুদুম পিকবর নাহি আর গায়॥ শীতেতে দূর্ব্বার কিবা রমণীয় শোভা! স্তবকে স্তবকে যেন মুক্তামালা গাঁথা। বিষম বিষের সম শীতের হিমানী। দাঁড়ালে নীরের তীরে বাহিরায় প্রাণী। যত জীব জর্জ্জরিত শীতের জালায়। কাধিপত্য প্রকাশিছে শীত মহাশয়॥

কিন্তু যে করেছে এই শীতের স্বন্ধন। তাঁহাকে মনেতে সবে করহে ভজন॥ তাঁহার অপূর্ব্ব, মনে জাগেহে, স্বরূপ। কোণা আছ, দেখা দাও, ওহে বিশ্বরূপ ! তুরন্ত শীতেতে জীব শুক্কবৎ রয়। ইহার কারণ তুমি, ওহে দয়াময়! বিষম গ্রীমেতে যবে, হৃদি শুক হয়। তাহার কারণ তুমি, ওহে দয়াময়! বর্ষার ধারায় যবে দেশ ভেদে যায়। তাহার কারণ তুমি, ওহে দয়াময়.! শরতে গগণ যদা, সুনির্ম্মল হয়। তাহাতেও তুমি ব্যাপ্ত, ওহে দয়াময়! হেমন্তে প্রথম হয় হিমের উদয়। তাহাও তোমার স্বস্তি ওহে দয়াময়। সকলের মূল তুমি ওহে বিশ্বরূপ ! কেমনে বর্ণিব নাথ। তোমার স্বরূপ > আমি অতি মূচুমতি, অজ্ঞানা অবলা। দয়াময়! দোষ ক্ষম, দিয়া পদছায়া॥

## বিলাপ।

হা জগদীশ্বর! এমন শোচনীয় অবস্থা কেন প্রদান করিলে? হায়! পরিশেষে তুঃসহ অধীনতা ক্লেশ সহ্য করিয়া কি জীবনা-তিপাত করিতে হইবে ? আহা! কি আক্ষেপের বিষয়, গভীর জলধি উত্তাল-তরঙ্গ হইয়া উপরিস্থ যানারোহী ব্যক্তিদিগকে প্রাণ-ভয়ে কম্পাবিত করিয়া তুলিল। হ<! কালের কি বক্রগতি, মনুষ্যের মন কি তুর্বল, জগৎ কি তুঃখের আগার। যে মহাত্রা নিজ সত্যপালনের জন্য কতই না প্রয়য়বান্ হইয়াছিলেন ও কতই না অর্থ্যয় করিয়া-ছিলেন, দেই দেশহিতৈষী মহাকুভব ব্যক্তি আজ সত্যচ্ছেদন করিতে উদ্যত হ'ইলেন্। হা! কে আর সত্যের আদর করিং ?

শুন হে হিতৈযীবর! ধরিয়া তোমার কর, সঙ্গল নয়নে মোরা করিগো! বিনয়॥

ত্যজিয়া ক্রোধের ভাব, হের অবলার ভাব; ছঃখে তারা হয়েছে মগন। বনদগ্ধা মৃগীপ্রায়, চকিত নয়নে চায়, তব [অনুকূল] বাক্য করিতে শ্রবণ॥ তব হৃদি পারাবার, হয় যে মায়া-আগার, তবে কেন হেন ব্যবহার ? বিধবার দেখি ছুখ, ফেটে যেতো তব বুক, তাই কত করিলে উদ্ধার॥ দেইত বিধবা-ত্রয়, হ'য়ে বিনীত-হৃদয়, তব পাশে করিছে রোদন্। তব কাছে ভিক্ষাছলে, ভাসিছে নয়ন জলে; [অনুকূল] আশা দিয়ে, করগো! সান্ত্রন **॥** যাদের ছুখেতে ছুখী, হয়েছে বনের পাখী; আমি কি বর্ণিব তাহা নহে বর্ণিবার। অবলার হুঃখে হায়! পাষাণ গলিয়া যায়। দূরে থাক গুণিগণ, দয়ার আগার ? যাজতারা]দয়ারসাগরকাছে, নিজতুঃখ প্রকাশিছে, হবেনা কি দয়ার সঞ্চার গ

পরলোকবাসী পিতা, আসিয়া দেখগো! হেতা, তব কন্যা করিছে রোদন 1 পিতা বিনা কেবা আছে, জানাইব কার কাছে; কেবা ছঃখ করিবে মোচন ? তুমিত মৃত্যুর কালে, স্যতনে বলেছিলে, ভাবনা কি আশ্রেয় কারণ ৷ আমার হৃদয়-সম, আছে বন্ধু প্রিয়তম, আমা সম করিবে যতন॥ গুরুত্বে অচল-সম, বিদ্যায় দাগর-সম, শেই সখা পালিবে সবায়। হায়! কি করম দোষে, সেই গুণিবর রোষে, ভাবিল না কি হবে উপায়॥ পিতা গো। কঠোর মনে, ফেলে নিজ কন্যাগণে, কেন গেলে অমর ভবন ? ভেবেছিলে তব ভার, বহিকে বন্ধবর, কিন্তু তাতে হ'ল হায়! অদ্ভুত ঘটন॥ সেই তব প্রাণ সংগ, আর না দিতেছে দেখা ক্রোধ ভরে রয়েছে এখন!

তব অভাগিনীগণ, রয়েছে ছুখ-মগন, ভাবে নাকো ভুলে একক্ষণ॥ এত দিন তব ভার, • বহেছিলা গুণিবর, কিন্তু এবে হইলা বিমুখ। তব দারা কন্যাগণ, ভেবে আলু থালু মন, সন্মুখ জীবনে হেরে বিষম অসুখ। ওগো পিতা গুণময়! বারেক দেখনা হায়! তব দারা কন্যাগণ ভাবিয়া অস্থির॥ তবগত কন্যা দারে, অর্পিয়া কাহার করে, নিজে তুমি হয়েছ স্থান্থির ? বলিতে ছখের কথা, মর্ম্মস্থলে পাই ব্যথা, বক্ষঃস্থল ভেসে যায় নয়নের ধারে। অতএব দয়াময়! দিয়া তব পদাশ্রয়. কন্যাগণে ল'য়ে চল ছুখশোক-পারে॥

## বিদায়কালে ভগিনীর প্রতি উক্তি। উহু! মম প্রাণ যায় কি করি উপায়। প্রাণের ভগিনী কাছে লইতে বিদায়।

সন্মাপিত দেখে তোমা বিয়োগ-কাতরে। প্রাণ যে কেমন করে জানাইব কারে ? ছঃখিত দেখিয়ে তোরে প্রাণের প্রতীমে! विनानल मार्यानल, यम मत्नावतन ॥ কারে বাজানাই ছঃখ, কে বুঝিতে পারে? মনানল দেহে কেহ, নিভাতে না পারে॥ ভগিনী তোমরি ছঃখ করিতে মোচন। রহিন্তু তোমার কাছে, সহে অপমান॥ ছঃখই হইল সার, সুখ না মিলিল 1 বিষম কষ্টেতে প'ড়ে, ভেবে প্রাণ গেল॥ তোমার ক্লুখের ভার, করিতে লাঘব। রাখিয়া দিলেন ভ্রাতা, করিয়া যতন॥ আমি অভাগিনী তাহা, নারিকু সাধিতে। কি করিব কোথা যাব, ভাবি নানা মতে॥ উপায় না দেখে বোন। চাহিগো! বিদায়। ভেবোনা ভেবোনা মনে, হইবে উপায়॥

# ভূ।ত্বিচ্ছেদ।

প্রাণের সোদর মম মাইবে বিদেশে। শুনিয়া অমনি আমি পড়িকু হতাশে॥ সহোদরা বিয়োগেতে হইয়া কাতর। ভ্রাত-সহবাদ-স্থুখ পাইনু প্রচুর॥ সে সুখ হইবে অন্ত, পোহালে রজনী। প্রবাদেতে যাবে, মম ভাই গুণমণি॥ প্রাণের ভগিনী কোথা দেখগো! আসিয়া 1 তোমার ভগিনী হ'ল বিয়োগ-কাতরা॥ প্রাণের পুতলীগণে যত মনে পড়ে। প্রাণ যে কেমন করে জানাইব কারে ? একবার এসে বোন্! দেহ দরশন। তোমার বিরহে দেখ। হতেছি দাহন॥ এসময় স্থসময় পাইয়া কি বিধি। লইবে ভ্রাতারে মম করিয়া কি বিধি ? বিধির এ বিধি নহে, উচিত এখন। যন্ত্রণা-অনলে মোরে, করিতে জ্বালন॥

শুন ওহে বিধি ! আমি নিবেদন করি । ব্যথায় দিওনা ব্যথা, উহু ! প্রাণে মরি ॥ হায় ! হায় ! কি উপায় করিগো ! এখন । ভাতার বিয়োগে কোথা করিগো ! গমন । শুন ওরে প্রাণ মম শীঘ্র বাহিরাও । নতুবা ভাতার সঙ্গে অনুগামী হও ॥

## জন্য রত্তান্ত।

মম জন্মের কথা শুনগো! সকলে।
জন্মাবধি সদা আমি ভাসি অঞ্চজলে॥
বলিতে হুঃখের কথা হৃদি ফেটে যায়!
কারে বা জানাই হুঃখ কেবা করে ক্ষয়?
পঞ্চম বৎসরে আমি হ'য়ে পিতৃহীন।
নিরন্তর হুঃখে দেহ করিয়াছি ক্ষীণ॥
পিতার মৃত্যুর পর, ভগিনী-বিয়োগ।
কারেবা বলিব আমি সে বিষম রোগা?
তাহাতে ও হুঃখ নাহি হ'ল অবসান!
নানামতে দিলা বিধি কই অগণন॥

আমার তুঃখের কথা যে জন শুনিবে ৷ অশ্রুনীরে বক্ষ তার ভাসিয়া যাইবে॥ পিতার মৃত্যুর পর; আমার জননী। কাঁদিতেন দিবানিশি স্মারি গুণমণি॥ সে সময় মাতা মম ছিলেন গর্ভিনী। সেই গর্ভে হ'ল মোর কনিষ্ঠা ভগিনী॥ পঞ্চ সহোদরা মোরা হইকু তখন। মাতার যত্নেতে হই সতত বর্দ্ধন॥ পড়িলেন জ্যেষ্ঠা ভগ্নী দ্বাদশ বৎসরে। ভাবেন তখন মাতা বিবাহের তরে॥ কি. বলিব আমি মম জ্যেষ্ঠের তুলনা। রূপে গুণে নাহি তাঁর ভুবনে তুলনা।। স্বর্ণ-কান্তি জিনি কান্তি তাঁহার বরণ। তুলনা-রহিত তাঁর সুধাংশু বদন॥ দেখিয়া সুশীল এক দ্রবিদ্র সন্তান। করিলেন মাতা তাঁরে কন্যা সম্প্রদান॥ মধ্যমের কথা আমি কি বলিব আর গ তাঁহার রূপের তুলা না দেখি যে আর॥

তাঁহারে দিলেন মাতা এমনি পাত্তেতে। স্মরিলে তাঁহার চুঃখ মরি যে খেদেতে॥ দেখিতে পতির কাছে,দে 'স্বর্ণপ্রতিমা। রাহুতে চন্দ্রের গ্রাস তাহার উপমা॥ রূপে গুণে অতুলনা তাঁহার তুলনা ! ধরণীতে তুল্য দিতে নাহি কোন জনা॥ বলিতে না পারি আমি তৃতীয়ের কাহিনী। তাহার হুখেতে হুখী সসাগরা ধরণী॥ সপ্তম ধৃৎসরে যবে আইনু অভাগী। করিলেন মাতা মোরে জনম-বৈরাগী॥ পুত্রের বয়স গুণ জেনেও তখন, অঙ্গীকার করিলেন জননী চুর্ম্মন ;---এই পাত্রে দিব মম এই কন্যাধন। হায় রে ৷ বলিতে নারি ললাট-লিখন ! কি দোধ করিত্ব বিধি তোমার নিকটে। ফেলিলে আমায় তাই এমন সঙ্কুটে। শুন ওহে দয়াময়! দয়াকর দীনে। এত ছুখ দিলে মোরে কিসের কারণে?

অনাথের নাথ তুমি ত্রিলোক তারণ! অধীনী তারিতে কেন এত অকরুণ? কুপাময়! কুপাকর প'ড়েছি অকুলে। অবীনীরে স্থান দিয়া বাখহে স্বকুলে॥ সেইত সময় নাথ! হ'য়ে পিতৃহীন। তুঃখেতে জ্বলিয়া মম গ্যাছে চিরদিন॥ আর কেন দেও নাথ! যাতনা আমায়? তুৰ্বলা অবলা আমি জান নাকি হায়! কি কহিব আমি মম পতির তুলন।। রূপেতে তাঁহার নাহি জগতে তুলনা॥ যাহউক বয়সে! তবু তাতে পারা যায়। ব্যাধিতে তাঁহার কিন্তু দেহ হ'ল ক্ষয়॥ কালের গতির কথা নাহি বলা যায়। কালের হস্তেতে পড়ে তাঁর হ'ল লয়॥ ধন্যরে মায়াবী আশা ধন্যরে তোমায়! অবলা বধিলে তুমি নিজ মহিমায়!!

## মাতৃমেহ।

তিন মাস গত হ'ল, দেখিতে দেখিতে। ना एनिथ भारत्रत मुथ, विशानि मर्ति ॥ কত দিন দেখি নাই মায়ের বদন। কতদিন শুনি নাই, স্নেহের বচন॥ কোধায় আছগো মাতঃ। এস এইস্থান। তনয়ারে ক্রোড়ে ল'য়ে, কর চম্বুদান। আহা! কি অপার স্নেহ মায়ের অন্তরে। সন্তানের রক্ষা হেতু সদা বাস করে॥ ডাকেন জননী যবে, স্নেহের বচনে॥ কতই, আনন্দ হয় সমুদিত মনে। একবার উর! মাতঃ! কল্পনা-আসনে। মা বলিয়া ডাকি আমি স্নেহের বচনে॥ জননীর মধুময় ক্রোড়েতে বসিয়ে। সরল নয়নে থাকি মুখ পানে চেয়ে॥ আহা! মাতৃহীন জন কত চুখী হয়। তাহার হুখের কথা বলিবার নয়॥

মা!] কোণা ভূমি স্নেহময়ি! এসগো এখন। দেখিয়া তোমায়, মম জুড়াক্ জীবন॥ স্নেহের বচনে মাতঃ! করগো সান্তন। তোমা বিনা রহিতে না পারি এভখন॥ যতদিন জননি গো। গিয়াছ চলিয়া, মা, তোমার অভাগিনী তনয়া ফেলিয়া, তদবধি প্রাণ মা গো! কাঁদিছে নিয়ত। স্লেহময়ি। স্লেহদান কর অবিরত॥ মা ! তোমার স্নেহপুর্ণ হৃদয়-সাগর , শুকাইয়া গেল, দেখি একি চমৎকার! ক্ষীরের আশায় মাতঃ। নীর পানে ধাই। শুষ্কময় ভূমি দেখি প্রাণে ব্যথা পাই॥ কোথা বা স্থার সম তোমার বচন। কেহ নাহি দেয় সুখ অন্তরে তেমন॥ ক্ষুধার সময় হ'লে যতন করিয়া। কেহ নাহি দেয় মুখে অশন তুলিয়া॥ দে সময় হয় মা গো! তোমারে স্মরণ 1 ভাবি কোথা স্নেহময়ী জননী এখন॥

কন্ট-নিবারিণী তুমি জননী আমার। নারিত্র বর্ণিতে তব, স্নেহ অনিবার॥

### আশা।

আশার আশ্চর্য্য গতি হেরিয়া নয়নে, কেমনে বাঁচিবেঁ বঁল অবলা পরাণে ? অল্প-বৃদ্ধি মাতা সেই আশার কারণ, করিলেন তুহিতারে অপাত্রে অর্পণ। হায়! মানবের আশা চিরদিন নয়। প্রথমে অধিক রৃদ্ধি, পরে হয় লয়॥ ধন্য! ধন্য! বৈঙ্গমাতা ধন্য গো! তোমায়। সমানের সনে নাহি দ্যাওগো! কাহায়॥ ধন্যবাদ দিই তোরে আশা ছুরাশয়। ধরিয়া মোহিনী-বেশ এসেছ ধরায়॥ আশার মোহেতে প'ডে সবে মারা যায়! নমস্কার করি শুন আশা গো! তোমায়॥ পডিয়া আশার পাকে নরপতিগণ। করিতেছে কত শত অঘট-ঘটন॥

মোহেতে হইরা অন্ধ রাজ্য-প্রাপ্ত্যাশার।
আত্মজনে বধিতেছে হইরা নির্দ্দর ॥
বৃদ্ধ পাত্রে কেহবা করিছে কন্যাদান।
কিছার মিছার, সুধু, অর্থের কারণ ॥
কেহ ভাবে বৃদ্ধ পাত্রে কন্যা দিলে পরে।
ছহিতা হইবে সুখী পতির আদরে॥
এইমত কত শত হেরি অন্যভাব।
নাহি বুঝা যায় কিছু এমনি প্রভাব॥
ধন্য রে! ছুরাশা আশা ধন্য রে! তোমায়!
অবলা নাশিতে তুমি এসেছ ধ্রায়॥

## উপাসনা।

কোথা ওহে প্রমেশ ! মোরে ক্নপাকর।
তাপিত-তনয়া-ভব-ছুখ, দূর কর।
সকলের নাথ ছুমি পতিত-পাবন !
ক্নপাকর অধীনীরে এই নিবেদন॥
তোমাবিনা কিবা আছে জগৎ মাঝারে ?
প্রবেশিতে কেবা পারে হুদয় ভিতরে ?

পাপবিনাশক ওহে ত্রিলোক তারণ ! তব চরণেতে সদা থাকে যেন মন॥ কি আছে কি দিয়া আমি পূজিব তোমায় ? যাহা কিছু আছে সেত তোমারি কুপায়॥ ফুল পত্রে নারি তব করিতে অর্চ্চ ন। কেমনে পাইব নাথ! তোমার চরণ ? তবে িহে পাপে মগ্ন থাকি চিরদিন। জডপ্রায় স্থিরকায় কাটাইব দিন॥ র্থা আমি আসিয়াছি সংসার কাননে। লভিতে নারিকু দীনা! তোমা হেন ধনে॥ অনিত্য সুখেতে ভুলে থাকি অনুকণ। চিমিতে না পারিলাম, প্রমেশ-ধন॥ জাগোনা। জাগোনা। ওরে অচতেন মন। পরমেশ-প্রেম-সুধা গাও সর্বক্ষণ॥ ওহে জীব! ভূলে তুমি মুগতৃঞ্চিকায়। যেও না সমুদ্রতীরে মুক্তার আশায়॥ র্থা-সুখাশয়ে গেলে সংসার-সাগরে। একান্ত পড়িবে আশা-কুমিরের করে॥

ভাবিয়া দেখ না জীব। তেমন সময়। কে হইবে আর ওহে! তোমার সহায় ? না দেখি তখন তুমি কিছই উপায়। সতত করিবে মাত্র হায়! হায়! হায়!! কিবা শোচনীয় দশা হইবে তোমার! অমূল্য-জীবন-রত্ন হইবেক ভার॥ অতএব সাবধান হও এসময়। সদালাপে সৎকার্য্যে কাট হে সময়॥ লমেও হও না কভু কুক্রিয়ায় রত। যাহা কিছু পার কর, দেশ-পর-হিত॥ অবশিষ্ট সময়েতে করিয়া যতন। বিনীত-হৃদয়ে ভজ নিত্যনিরঞ্জন॥ অতঃপর একমনে করি আকিঞ্চন। সরল-হৃদয়ে তোষ আত্মীয় স্বজন॥ ভাই ভগ্নী পিতা মাতা প্রিয় পরিজন। সকলকে, সমভাবে কর বিলোকন। সকলে, সরল মনে, হ'য়ে একত্রিত। ঈশ্বরের প্রিয়কার্য্য সাধ অবিরত II

(খদ।

[ > ]

হায় ৷ এ যাতনা

বিষের জালায় হৃদয় জুলে।

হা বিধি! বলনা, কেন বা ছলনা

করিলে আমায় অভাগী ব'লে ?

[ 2 ]

এ ভব ভবৰ.

যেন মূকুবন.

হুহু করে দব আমার কাছে।

এবে কোথা যাই, এ জালা নিভাই,

কায় নাই আর কাহার ক

[0]

জনম অবধি

মোরে বিধি বাদি

কি দোষ ক'বেছি ভাঁহার কাছে

কি পাপে এখন, সৃষ্টি বেদন,

জনম অৰ্ধি জগত মাৰে

[8]

কছ ভাৰি মনে,

বাইয়া জীবনে.

জনমের মত জীবন তাজি।

এ হৃদয়-ভার, সহে নাকো আর ; কেমনে বলুনা পরাণে বাঁচি ? [ ৫ ]

পুনঃ ভাবি মনে, যে কোন কারণে,
যদি বিধাতারে দেখিতে পাই।
কেন হে! বলনা, দিলে এ বেদনা,
বারেক তাঁহারে, তাই সুধাই॥

[ ७ ]

কিন্তু রথা হায়! দোষিব তাঁহায়, ভোগিতেছি নিজ করম দোষে। তিনি দয়াময়, না দেন কাহায় তুঃখ; ভোগে জীব করম দোষে॥

### স্বাধীনতা।

স্বাধীনতা-হীন দীন জীবন যাহার। প্রাধীন চির্নিন প্রাণে বাঁচাভার॥

পশু পক্ষী আদি করি যত জীবগণ। পরের অধীনে দিন না করে যাপন। স্বইচ্ছায় সকলেতে ফিরে অবিরত। নিজ নিজ কর্মো যায় হয়ে প্রফুল্লিত॥ যখন প্রচণ্ড ভানু গগণ উপরে, খর-তর-কর-জালে জীবে দগ্ধ করে. তখন আনন্দ মনে যতেক খেচর: আহারের জন্য ভ্রমে পর্বত কন্দর। ভ্রমে ও আলুসো দিন না করে যাপন। পরিশ্রম করে হ'য়ে হর্ষিত-মন! স্বাধীন হইয়া যত ভ্রমর-নিকর; কেলি করে ফুল'পরে অতি মনোহর। স্বাধীন সকল জীব কাটিতেছে দিন। অভাগা মানব মাত্র পরের অধীন॥ প্রে যদি নাহি দেয় আনিয়া অশন. অনাহারে থাকি, পরে ত্যজয়ে জীবন। তথাপি হইতে নারে আপনার বশ। হতভাগ্য নরগণ এত পরবশ!

মোহপাশে ভুলে জীব আছে অনুক্ষণ।
না পারে করিতে নিজ অবস্থা-বর্দ্ধন॥
অনায়াদে পাপ কর্ম্ম করিবারে পারে।
ভুলে ও স্বাধীন হ'রে চলিতে না পারে॥
পর-অনুগত হয়ে থাকে যেই জন।
উচিত লইতে তার মরণ শরণ॥

## নিয়তি।

অরে রে নিয়তি! শুন রে শুন!
চলিছ বহিয়ে মনে আপন্!
কিন্তু তুমি হায়! বঙ্গ অবলায়,
জালায়ে জালায়ে করিছ খূন্॥
চাও! চাও! এদিকেতে চাও!
নতুবা অভাগী পরাণে মরে।
দেখ দেখি চেয়ে, এ ভারত ভূমে,
তুমি বিনা আর কে দেখে মোরে?
বুঝিয়া দেখিলে, পারিবে জানিতে,
যে গ্রেখেতে সদা তুখিনী রয়!

তোমার হৃদয়, সেহ-গুণ-ময়!
তবে কেন হ'ল এত নিদয় ?

যখন তপন, তাপেতে তাপিত,
হইয়া পরাণ জ্বলিয়া য়ায়।
তখন আদিয়া, তোমার পাশে,
দাঁড়ালে পরাণ শীতল হয়॥
তুমি যেই আছ, আছে গো! জীবন,
নতুবা জানিনা কি দশা হ'ত।
তাই বলি শুন, অবলা-তারণ!

ষেও না ফেলিয়া অবলা যত।

#### वक्राक्रना ।

শুন সব সভ্যগণ ! করি নিবেদন ।

অবলা জনার ছুঃখ কর গো ! প্রাবণ ॥

তাহাদের ছুঃখ সব করিলে প্রাবণ ।

পাষাণ গলিয়া যাবে, হ'রে খিন্ন-মন ॥

আজ্ঞাধীন পরাধীন থাকি চিরদিন ।

তাহাদের মনোরতি হইয়াছে ক্ষীণ ॥

যুদ্ধণা-অনলে সদা হতেছে দাহন। বাহিরের বায়ু কভু করেনা সেবন। তখন তাদের মনে কি যাতনা হয়। হায়! কি বলিব আমি বুক্ ফেটে যায়॥ শুন সব সভ্যপণ। শুন দিয়া মন। অজ্ঞানতা কুপে তারা রয়েছে মগন॥ শুন ! শুন ! শুন ! সবে ওছে সভাগণ । অবলা জনার ছঃখ কে করে ভঞ্জন ? তোমরা সকলে ওহে সহাদয়গণ। অবলাগণের তুঃখ করগো মোচন॥ বাল্যাবধি নিরবধি থাকি পরাধীন। বিষম-যন্ত্রণানলে পোড়ে চিরদিন॥ তাদের হুখের নিশি কত দীর্ঘ হয় ! তাদের ছঃখের কি গো! না হইবে ক্ষয়? কোথা ওহে জগদীশ! হও হে সদয়। অন (থা-অ⊲লা-ক্লেশ, কর তুমি লয়॥ কোথা আছ বিশ্বনাথ! তারহে আমায়। এরপ সংসারে আর থাকা নাহি যায়॥

কি করিব কোথা যাব, ভাবিয়া না পাই।
কে দিবে হৃদয়ে শান্তি, ভাবি সদা তাই॥
বিষম-যন্ত্রণানল দহিছে আঁমায়।
কারে বা জানাব ছুখ কেবা করে ক্ষয় ?
অকূলে পড়িয়া মোরা যত ভগ্নীগণ।
ডাকিতেছি 'পরমেশ!' কর গো! মোচন॥
ভীষণ-তরঙ্গ-মাথে হারু ডুরু খাই।
উদ্ধার করহে প্রভু! এই ভিক্ষা চাই॥
অনাথের নাথ তুমি ত্রিলোক-তারণ!
অধীনী তারিতে কেন হইতেছ দীন?

# মুমূর্যু ব্যক্তির অবস্থা ও তৎপ্রতি উক্তি।

জীবন হতেছে হত, সংসারের আশা যত, একে একে হইতেছে লয়। কোথা প্রিয় পরিজন, কোথা বা সন্তানগণ, কোথায় যাইবে, কারে করিবে আশ্রয়? দংসার সাগরে হায়, জীবন নাবিক যায়. দেহ তরি কেবা আর করিবে বহন ? শুয়ে মৃত্যু-শয্যোপরি, নয়ন মুদিত করি, বোধহয় পূর্ব্বকথা করিছে স্মরণ॥ ইন্দ্রিয় নিপ্সন্দ হবে, প্রাণ পাখী উডে যাবে. ভাবি তাই অশ্রুজন হতেছে পতন। দেখিতেছে স্বীয় মাতা, শোকাকুলা মুচ্ছাগতা, আর্ত্তমরে করিছে ক্রন্দন ॥ হানি শিরে করাযাত, বলে 'কোথা যাবি বাপ! শুনিবিনা মায়ের রোদন ? তব শিশু পুত্র যত, ডাকিতেছে অবিরত, তাহাদের কি হবে উপায়?' প্রিয়তমা প্রণয়িণী, যেন মণিহারা ফণী, বিলাপিছে পাগলিনী প্রায়॥ বলিছে, "হে গুণমণি! ত্যজি এই অভাগিনী, একা কোথা করিবে গমন? ওরে বিধি নিদারুণ, এই কিরে তোর গুণ, অকালে হরিবি মোর জীবনের ধন?

দেখহে জীবন-ধন! তব প্রিয় বন্ধুগণ, কাঁদিতেছে তব পাশে করিয়া শয়ন ৷ করি প্রিয় সম্ভাষণ, তোষ হে তাদের মন, করিতেছে তব স্থা ধূলি-বিলুপ্তন ॥ উঠ ওহে সহচর ! তব মুখ-শশধ্র. কেন কেন হইল মলিন? উঠহে গুণ-রতন! দেহ দেহ আলিঙ্গন. তব সহবাস সুখে হই নিমগন॥ এত যে বাসিতে ভাল, সে সকল শেষ হ'ল, ধিক ধিক মানব জীবন! মনে ভেবে দেখ দেখি, বলেছিলে 'বিধুমুথি! উভয়েতে একেবারে করিব গমন'॥ দে কথা কৈতবময়, এবে মম মনে লয়, কিন্তা অদুষ্টের ফল কে করে খণ্ডন ? পরের অধীন হ'য়ে, কার মুখ নির্ভিয়ে, ধরিব হে এ পোড়া জীবন 🖟 ক্ষণেক বিলম্ব কর, ওহে হৃদি শৃশধর! ় কুমুদিনী তব সঙ্গে করিবে গমন "।

তুর্নিবার মায়া-জাল, উন্নতি-পথের কাল. কোন মতে নাহি কাটা যায়! জীৱনিশা হয় ভোর, তথাপি ঘুমের ঘোর, হায়! হায়!] একি দায় ছাড়ান না যায়॥ মুদ্ধকে পাকিল কেশ. তথাপি মনে আবেশ. চুলে পুনঃ দিতেছে কলপ। ওহে জীব! মোহে ভুলে, নিজ-হিত না চিন্তিলে, তাই বুঝি করিছ প্রলাপ ? ত্যজ রুথা নিদ্রা-ঘোর, জীবন হইল ভোর. আর কেন! আর কেন! করিয়া শয়ন ? বুরো ও অবোধ-মত, নিদ্রাগত অবিরত. আমোদ আহলাদে কাল করিছ যাপন।। বারেক দেখ না চেয়ে, এখন সময় পেয়ে, কাল এদে করিছে তাডন। এখনি লইয়া যাবে, কারু বাধা না মানিবে, ভেবে দেখ কি হবে তখন। করিয়া বহু যতন, করেছ যা উপার্জ্জন, পারিবে না রাখিতে তোমায় !

যতই দেখিবে তাহা, ততই বাড়িবে স্পূহা, হৃদয় ব্যথিত হবে লইতে বিদায়॥ অতএব শুন সার, ভার ব্রহ্ম পরাৎপর. পাপ তাপ হইবে মোচন ৷ কর অশ্রু সম্বরণ, স্মার সেই নিরঞ্জন. [পরলোকে] যাহে তুমি পাবে পরিত্রাণ।। র্থা এ সংসার হায়! কিছু নাহি বুঝা যায়, আশ্চর্যা এ বিধির ঘটন ! এখনি সভ্ঠমনে, চাহি যুবা ধরা-পানে, কত ছুঃখে করিছে রোদন। ছাডিয়া সংসার, প্রাণী ফদি ভাবি চিন্তামণি, 'কত কটে তাজিল পরাণ॥ य (मर-नावगा-छो), जित्रह विज्ञनी-घो। তাহা এবে লুগিত ধূলায়। যত সব পরিবার, করিতেছে হাহাকার প্রিয়জন-শোকে সবে রয়েছে মূচ্ছায়॥ শুন জীব! নিবেদন, ছাড়িয়া অনিত্য ধন, [মায়াবশে] রসোল্লাসে, পরলোক ভুলোনা ৷

শুন! শুন নরগণ!

মম এই নিবেদন,

বিষয়-স্থাংখতে ভুলে কভু কাল কেটোনা॥

### প্রভাত।

কিবা মনোহর আজ প্রভাত সময়! দেখিয়া জীবের মন আনন্দিত হয়॥ নানাজাতি যুথি যাতি ফুটিয়াছে ফুল। কিবা শোভা এর কাছে তটিনীর কুল! নবীন নীরদ ব্যোমে হয়েছে প্রকাশ। ক্ষণে ক্ষণে হইতেছে বিহ্যাৎ-বিকাশ। স্থাতে শাখায় শারী বদে গীত গায়। অনুমান হয় বুঝি বলে 'ঈশ ! জয়'॥ জলেতে ফুটিল কিবা কমল-নিকর। মধু-আশে বাঁকে বাঁকে ধাইছে ভ্রমর॥ রাত্রি গেল দিবা এল ঘুচিল বিষাদ! বিয়োগীর জঃখ গেল হইল আহলাদ। চক্রবাক চক্রবাকা স্বথে তীরে বসি। গালি দেয় ভাখভারে নিন্দি হত নিশি॥ বলে কেন নিশি তব হইল স্থজন ? যামিনীতে হেরিতে যে নারি প্রিয়জন॥ এইরূপ কত মতে নিন্দিয়া নিশিরে॥ অতঃপর স্থাংখ ভ্রমে তটিনীর তীরে॥ কোথা উৰ্দ্ধ-পুচ্ছ ধেনু মাঠ পানে ধায়। কোথা কৃষি হৃষ্টমনে চাস কৰ্ম্মে যায়॥ একেত বরিষা কাল, প্রভাত সময়। মেঘঘটা বারিদানে ধরণী ভিজায় ॥ ঘন ঘন রবে মেঘ করয়ে গজ্জন। প্রলয় কালেতে যেন বর্ষে হুতাশন। শুনিয়া মেঘের ডাক বিয়োগী কাতর॥ নয়নৈতে কেলে সদা বরিষার ধার॥ নানারপ শস্য মাঠ করিছে শোভন। চাষিগণ দেখে স্থাখে হতেছে মগন।। भवृत भवृती, सूर्य रहेशा भवन। মনোহর কেকারবে হরিতেছে প্রাণ ॥ প্রভাতে বিশ্বের শোভা হেরিলে নয়নে। অপূর্ব্ব আশ্চর্য্য ভাব উদীরয় মনে॥

ভাবি মনে নির্ম্মিল কে, বিশ্ব-চরাচরে। কিন্তু কিছু কল্পনায় নির্ণীতে না পারে॥

### পতি

পতিধনে ষেই ধনী, সেই নারী ধনী। পত্তি-আদরিণী বলি সকলেই মানি॥ পতি-মুখ সুধারস যে করেছে পান। তাহার নিকটে স্বর্গ-সুখ তুচ্ছ জ্ঞান॥ সংসারের কর্মক্ষেত্র ধর্ম্মের কারণ। ভার্য্যা ভর্ত্তা উভয়েতে হ'য়ে একম্ব : ধর্লাকর্মা সাধনেতে হ'য়ে সযতন : পরম সুখেতে কাল করেন ক্লেপন। পতি ধন, পতি সর্ক্ত স্থের কারণ। পতি-সুখে অসুখিনী রুণায় জীবন! সংসারের সার পতি একমাত্র ধন: শতরাজ্য সুখ তুচ্ছ বিনা পতিধন॥ পতি ধর্মা, পতি কর্মা, অর্দ্ধেক জীবন। পতি দেবা করে যেই সার্থক জীবন॥

পতি প্রেমে সুখী ষেই সেই ভাগ্যবতী। পতির চরণে সদা থাকে যেন মতি 11 সর্ব্ব স্থুখ দাতা পতি মঙ্গল কারণ। পতিহিত সাধনেতে হও স্বতন॥ পতি আজ্ঞ। যেই নারী করয়ে পালন। সার্থক জীবন তার! সার্থক জীবন! এ সংসারে গণ্য তারে করে গুণিগণ। পতি প্রেমে হয়ে রত কুলবতীগণ, পতির সেবাহ সবে কার্টিছে জীবন। শুন সব ভগীগুণ! করি নিবেদন। পতির দেবার দবে করগো! যতন ॥ পতির প্রাত্ত ্যন থাকে তব মন। পতির কালে দেখ কত নারীগণ. পতির সভিত করে অনলে গমন। এমন পতির সেবা কর সর্বক্ষণ! কুতাঞ্জলি ভাৰমম ওহে যোষাগণ। সংসারের াভ সবে কর বিলোকন। পতি বিন ্ত সব বিফল-জীবন ॥

এমন পতির সেবা না করে যে জন বুখায় জীবন তার! রুখায় জীবন! আহা ! কত সুখ তার হয় সেই ক্ষণে। পতির অমৃত বাক্য শুনিলে শ্রবণে॥ পতির প্রণয়ে যার হৃদয়-সাগর, উথলিয়া উঠে আহা! ধন্য সেই দার। আহা ! বঙ্গবালা আমি জনম-তুখিনী। জীবনে পতির স্থুখ কখন না জানি॥ বাল্যাবধি অবিচ্ছিন্ন পতিবির্হিণী ৷ পতির মধুর বাক্য কখন না শুনি॥ কত আশা ছিল মনে কি বলিব হাঁয়। বলিতে এখন মম বুকু ফেটে যায়॥ কত সাধ ছিল মনে, প্রিয় পতিধনে, রাখিব আদরে সদা তুষিব যতনে; সে সকল সাধ মম হইল বিযাদ! অকালে বিধাতা মোরে সাধিলেক বাদ !!

# গ্ৰীষ্ম শোভা বৰ্ণন।

আজি কি স্থন্দর আমি করিসু দর্শন! প্রকৃতির শোভা হেরি ভুলিল নয়ন॥ ভীষণ গ্রীম্মের কাল মধ্যাহ্ন সময়। সহজেই জীবগণ আকুলিত হয়॥ রাত্রিতে হতেছে পূর্ণ চল্রের উদয়। মাঝে মাঝে তাবাগণ শোভে অতিশ্য॥ পক্ষীগণ হৃষ্ট-মন শ্রান্তি করি দূর, নিজ নিজ নীড়ে বসি গায় সুমধুর। জগৎ-জীবন যেই মলয় পবন। পুষ্প-গন্ধ সহ আহা! বহিছে কেমন॥ এদিকেতে যুবগণ হ'য়ে হৃষ্টমন। নদীর তটেতে সবে করিছে ভ্রমণ॥ নদীর কুলেতে যত বালুকার শ্রেণী। সন্ত্যালোকে শোভমান যেন কত মনি! আশ্চর্য্য বিশ্বের কার্য্য বর্ণিবারে নারি। ভাল-মন্দ-বিমিশ্রিত আহা! মরি! মরি! অস্হ্য গ্রীষ্মের ক্লেশ জানিয়া প্রকৃতি। করিলেন মলয়-পবন-বিনির্ম্মিতি॥ वृत्कराज मिरलन कर्ल शुष्ट्र मरनाहत ! ফলেতে দিলেন রস অতি-স্বাদ-কর॥ ভ্রমর-নিবাস ফুলে দিলা মধুবাস। সরোবরে সর্বিজ করিছে বিকাশ ॥ অস্তকালে দূর্য্যে দিলা স্থবর্ণ-প্রতিমা। রাত্রিতে চন্দ্রের শোভা, না হয় উপমা॥ তারাগণ সভা করি বসিল গগণে। তারানাথ-তারানাথ-চন্দ্র-আগমনে॥ রজনীর শোভা হেরি জুড়ায় নয়ন। উদ্যানে যুবক যত করয়ে ভ্রমণ॥ গৃহের ভিতরে কেহ থাকিতে না চায়। কেবল বঙ্গের নারী কোণেতে লুকায়॥ ইডেন্ উদ্যানে আহা ! সন্ধ্যার সময়। বিলাত-রমণী-গণ ভ্রমিয়ে বেড়ায়॥ কিন্তু হায়! হতভাগ্য বন্ধ নারীগণ। মনের বিষাদে ঘরে রয়েছে এমন ॥

যুবক, যুবতীসনে বিসয়া নিকুঞ্জবনে, (বঙ্গের চুখিনী বালা, দেখ গো! নয়নে 1) বিলাতীয়ভাবে সবে করিছে আলাপ। তোমরা এসেছ ভবে করিতে বিলাপ। আহা! কি স্বৰ্গীয় ভাব তাহাদের মনে ; উঠিতেছে ভ্রমণেতে এরপ নিজ্জন। বঙ্গের কামিনীগণ! তোমাদের মনে, ইচ্ছা কভু হয় কি গো! এরূপ ভ্রমণে ? শুনিবে না ইডেনের সঙ্গীতের রব ? কতকাল সহি ক্রেশ থাকিবে নীরব গ আইস ভগিনীগণ! আমরা সবাই। মনের আনন্দে আজি ইডেনেতে যাই॥ তুরন্ত নিদাঘ-কাল, মধ্যাক্ত সময়। খরতর-কর-জালে দহিছে ভ্রদয়॥ তাই বলি চল সবে ইডেন উদ্যান। সুশীতল সমীরণে জুড়াক্ জীবন। শিল্প-বিনির্ম্মিত বারি-সরোবর হেরি। পাইবে কতই প্রীতি আহা মরিমরি!॥

উঁচু নিচু চারিদিকে উদ্যানের ভূমি। যেইরূপ শুনিয়াছি ইংলণ্ডের ভূমি॥ সুশ্রাব্য সঙ্গীত-রব শুনিলে শ্রবণে। গোরব বলিয়া বোধ হইবে জীবনে॥ নানাজাতি তকলতা দেখিলে ন্যনে। ইক্তের নন্দনবন না লাগিবে মনে॥ বিভিন্ন জাতীয় লোক একত্রিত হয়। দেখিলে হৃদয়ে প্রীতি হইবে উদয়॥ তান লয় সহ বাল বালিকার নাচ। দেখিলে রোমাঞ্চ পাবে তোমাদের ছচ্॥ গ্যাসালোকে, চারিদিক হয়েছে উজ্জ্বল। দেখিলে হইবে চিত্ত-ক্ষেত্ৰ সমুজ্জ্বল॥ চারি দিক্ মনোহর অতি স্থশোভন। এমন আশ্চর্য্য কত্ব হেরিনি নয়ন॥

# পুৰুষ জাতির স্বার্থপরতা।

পরুষ পুরুষ যত, নিজ সুখে থাকে রত,
ভুলেও অবলা হুঃখ কভু তারা দেখে না।
পড়িয়া যন্ত্রণানলে, কামিনী পুড়িয়া মরে,
তথাপিও তার হুঃখ কভু দূর করেনা॥
এমনি নৃশংস কায়, দয়ামাত্র নাহি তায়,
রুষ্ট ভিন্ন মিষ্ট বাক্য কভু তারে বলেনা।
জগতে কুকর্ম্ম যত, করিতেছে অবিরত,
নিজ কর্ম্ম মন্দ জেনে তরু তাহা ধরেনা॥
যদি বা নিজ জায়ায়, অপরে দেখিতে পায়,
বেস যাতনা মৃত্যু বিনা কোনমতে যায়না।
সদা মনে অভিলাষী, করিবেন চির-দাসী,
হায়! রে প্রাণেতে আর এ্যাতনা সয়না॥

